



## পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কর্মী ব্যবস্থাপনা, শৃঙ্খলা ও আপিল বিভাগ

শেখ হাসিনাই রূপকার  
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

স্মারক নং- পসব্য/প্রকা/প্রশা-২২(২)/২০১৯-২০/১৪৪৭

তারিখঃ ২৮-১১-২০১৯খ্রি.

### কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ গোলাম সরোয়ার, মাঠ সহকারী [সাময়িকভাবে বরখাস্ত] পল্লী সঞ্চয় ব্যাংক, চৌগাছা শাখা, যশোর, (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় চৌগাছা, যশোর এ সংযুক্ত) উক্ত শাখায় মাঠ সহকারী হিসাবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারি) চাকুরি প্রবিধানমালা, ২০১৬ এর ৩৮ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরন, দুর্নীতিমূলক অপরাধ, জালিয়াতি ও প্রতারণার দায়ে বিভাগীয় মোকদ্দমা নং ০২/২০১৮-২০১৯ রঞ্জু পূর্বক ২১/০৫/২০১৯ তারিখে পসব্য/প্রকা/প্রশা-২২(২)/২০১৮-১৯/৫৪৫২ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল, আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলা প্রবিধি মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করিয়াছিলেন; ০৩। যেহেতু আপনাকে ১১/১১/২০১৯ তারিখে ব্যক্তিগত শুনানীতে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ দেওয়া হইয়াছিল। আপনি উক্ত শুনানীতে উপস্থিত হইয়া শুনানী প্রদান করেন।

০৪। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, ব্যক্তিগত শুনানীতে আপনার উপস্থাপিত তথ্যাদি এবং আনুষঙ্গিক তথ্যাদি বিচার বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ গোলাম সরোয়ার আপনাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেন।

০৫। সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব মোঃ গোলাম সরোয়ার, আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারি) চাকুরি প্রবিধানমালা, ২০১৬ এর ৩৯ (১) (ক) (অ) প্রবিধি অনুসারে তিরস্কার দণ্ড প্রদানের আদেশ দিলেন। ইহাছাড়া আপনার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হইল। সাময়িক বরখাস্তকালীন আপনি যে ভাতাদি গ্রহণ করিয়াছেন তাহার অতিরিক্ত আর কোন বেতনভাতাদি প্রাপ্য হইবেন না এবং সাময়িক বরখাস্তের সময়কাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসাবে গণ্য করিবারও আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

(মোঃ ইসমাইল মিয়া)

সহকারী মহাব্যবস্থাপক

ফোন: ০২-৫৫১৩৮৫৬২

agmadmin@pallisanchaybank.gov.bd

স্মারক নং- পসব্য/প্রকা/প্রশা-২২(০২)/২০১৯-২০/১৪৪৭

তারিখঃ ২৮-১১-২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

- ০১। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা: চৌগাছা, জেলা: যশোর।
- ০৪। ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চৌগাছা শাখা, যশোর, কর্মী সংক্রান্ত ঘোষণাটি ডাউনলোড করে জনাব মোঃ গোলাম সরোয়ার এর নিকট প্রাপ্ত স্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি অত্র কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। জনাব মোঃ গোলাম সরোয়ার, মাঠ সহকারী, পল্লী সঞ্চয় ব্যাংক, চৌগাছা শাখা, যশোর।
- ০৬। নথি / মহানথি।

মোঃ ইসমাইল মিয়া  
সহকারী মহাব্যবস্থাপক